**বাহারিন রাজতন্ত্রের বিদেশ বিষয়ক মন্ত্রীর সরকারি ভারত সফর (২২ ফেব্রুয়ারি ২০১৫)**

সম্মানীয় পররাষ্ট্রমন্ত্রী ও অনাবাসী ভারতীয় বিষয়ক মন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজের আমন্ত্রণে বাহারিন রাজতন্ত্রের বিদেশ বিষয়ক মন্ত্রী সম্মানীয় শেখ খালিদ বিন আহমেদ বিন মহম্মদ আল খালিফা ২২ ফেব্রুয়ারি ২০১৫ সরকারি সফরে ভারতে আসছেন। তিনি সুষমা স্বরাজের সংগে ভারত-বাহারিন প্রথম উচ্চ পর্যায়ের যৌথ ´কমিশন বৈঠকে যৌথ পৌরোহিত্য করবেন।

ভারত ও বাহারিনের মধ্যেকার সৌহার্দ্যপূর্ণ ও বন্ধুত্বমুলক সম্পর্কের ভিত্তি হলো জনতার সংগে জনতার নিবিড় সম্পর্ক এবং নিয়মিত উচ্চস্তরীয় রাজনৈতিক সফর বিনিময়। বাহারিন রাজতন্ত্রের মহামান্য সম্রাট হামাদ বিন ইসা আল খালিফা ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসে প্রথম রাষ্ট্রীয় সফরে ভারতে এসেছিলেন।

উপসাগরীয় অঞ্চলে বাহারিন ভারতের গুরূত্বপূর্ণ বাণিজ্য অংশীদার।২০১৩-১৪সালে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১.৩ বিলিয়ান মার্কিন ডলার অতিকরম করেছে। ৪,০০,০০০ লক্ষেরও বেশি কর্মরত ভারতীয় বংশোদ্ভতদের  বাহারিনের উন্নয়নে অবদান রয়েছে। বাহারিনের প্রগতিতে তাঁদের ইতিবাচক অবদান সুপ্রশংসিত এবং এটা উভয় দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের এক মৌলিক ভিত্তি।

আসন্ন সফরে উভয় পক্ষ দ্বিপাক্ষিক,আঞ্চলিক ও অভিন্ন স্বার্থ বিষয়ক বিষয়ে আলোচিত হবে।

**নয়াদিল্লি**

**১৯ ফেব্রুয়ারি ২০১৫**